মেহেরপুরে আওয়ামী লীগের ৬ জনসহ ১১ জন গ্রেফতার

মেহেরপুরে পুলিশের পৃথক অভিযানে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন এবং জামায়াত নেতার বাড়ি পুড়িয়ে দেওয়ার মামলায় আওয়ামী লীগের ৬ নেতাকর্মীসহ ১১ জনকে গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃত আওয়ামী লীগ নেতারা হলেন গাংনী উপজেলার চাঁদপুর গ্রামের মৃত রহমানের ছেলে আব্বাছ আলী, বাঁথানপাড়া গ্রামের আব্দুল গনির ছেলে রাশিদুল ইসলাম, বাহার আলীর ছেলে কাজল হোসেন, গাংনী ইদ্রিস আলীর ছেলে থানাপাড়ার জসিম উদ্দিন, সদর উপজেলার শ্যামপুর গ্রামের আবুল খয়েরের ছেলে ইমদাদুল হক এবং আবুল হাসেমের ছেলে বজলুর রহমান।

গ্রেফতারকৃতদের বিরুদ্ধে গাংনী থানায় বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মামলা এবং মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর সাবেক আমীর ছমির উদ্দিনের বাড়ি পুড়িয়ে দেওয়ার মামলা রয়েছে।

এছাড়া গাংনী থানা পুলিশের অপর অভিযানে গাংনী উপজেলার গাঁড়াডোব গ্রামের সিরাজুল ইসলামের ছেলে রবিউল ইসলাম এবং বিশারথ হোসেনের ছেলে বিপ্লব হোসেনকে গ্রেফতার করা হয়েছে।

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি মেহেরপুর ক্যাম্পের মাদক বিরোধী অভিযানে ৯০ পিচ ইয়াবাসহ মিজানুর রহমানকে আটক করেছে।

এছাড়া মুজিবনগর থানা পুলিশ অভিযান চালিয়ে বাগোয়ান গ্রামের আব্দুল হান্নানের ছেলে রবিউল ইসলাম ময়নাকে একটি মামলায় গ্রেফতার করেছে।

বুধবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে গাংনী থানা পুলিশ ও সদর থানা পুলিশের পৃথক অভিযানে আওয়ামী লীগের এসব নেতাকর্মী গ্রেফতার হন। একই সময়ে মাদকসহ অন্যান্য মামলায় ৫ আসামি গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃতদের বিরুদ্ধে জেলা জামায়াতের সাবেক আমিরের বাড়ি ঘরে হামলা, অগ্নিসংযোগ এবং গাংনী থানায় বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের দায়ের করা মামলা রয়েছে।

মেহেরপুর পুলিশ সুপার মাকসুদা আক্তার খানম পিপিএম এ তথ্য নিশ্চিত করেছেন। আজ বৃহস্পতিবার দুপুরে গ্রেফতারকৃতদের আদালতে নিয়ে যাওয়া হলে তাদের জেল হাজতে প্রেরণের আদেশ দেন বিজ্ঞ বিচারক।

মেহেরপুরে ঈদ আনন্দ ছড়িয়ে দিতে ফ্রেন্ডস চ্যারিটির উপহার বিতরণ

জিনিয়াস ল্যাবরেটরী স্কুল এণ্ড কলেজের এসএসসি-২০২১ এর প্রাক্তন শিক্ষার্থীদের দ্বারা প্রতিষ্ঠিত “ফ্রেন্ডস চ্যারিটি” এর পক্ষ থেকে মেহেরপুরের ৪৮টি গরীব-দুস্থ পরিবারের মাঝে ঈদ উপহার বিতরণ করা হয়েছে।

এই উদ্যোগের মূল উদ্দেশ্য ছিল, গরীব-দুস্থ পরিবারের সদস্যদের মধ্যে ঈদের আনন্দ ছড়িয়ে দেয়া, যাতে তারা ঈদকে আরও আনন্দময়ভাবে উদযাপন করতে পারেন।

এছাড়া, “ফ্রেন্ডস চ্যারিটি” ২০২৩ সালে তাদের প্রতিষ্ঠার পর থেকেই মানবিক কাজের মাধ্যমে সমাজে অবদান রেখে আসছে। শীত বস্ত্র বিতরণ, অসহায়দের চিকিৎসায় সহায়তা প্রদান, এবং বন্যার্থদের পাশে দাঁড়ানোর মতো বিভিন্ন কল্যাণমূলক কাজ তারা নিয়মিতভাবে করে যাচ্ছে।

এই ঈদ উপহার বিতরণের সময় “ফ্রেন্ডস চ্যারিটি” এর সদস্যরা, যারা তাদের নিজেদের হাতে উপহারগুলো বিতরণ করেন এবং উপকারভোগীদের সাথে ঈদের আনন্দ ভাগাভাগি করেন।

“ফ্রেন্ডস চ্যারিটি” এর প্রতিষ্ঠাতা সদস্যরা জানিয়েছেন, তারা ভবিষ্যতে আরও বড় পরিসরে এই ধরনের কার্যক্রম চালিয়ে যেতে চান, যাতে সমাজের প্রতিটি অংশের মানুষই ঈদ এবং অন্যান্য উৎসবগুলো আনন্দের সাথে উদযাপন করতে পারেন।

মেহেরপুর সদর উপজেলার কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠান

মেহেরপুর সদর উপজেলায় এ বছর বিভিন্ন সরকারি মেডিক্যাল কলেজে সুযোগ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার (২৭ মার্চ) সকাল ১১টায় মেহেরপুর সদর উপজেলা কনফারেন্স রুমে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ডা. আঞ্জুমান আরা এবং সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম।

এ সময় কৃতি শিক্ষার্থীরা সংবর্ধনা গ্রহণ করেন এবং অনুষ্ঠানে অন্যান্য শিক্ষার্থীরাও উপস্থিত ছিলেন।

মহান স্বাধীনতা দিবসে গাংনীতে জাতীয় নাগরিক পার্টির ইফতার

মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে মেহেরপুরের গাংনীতে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি’র) আলোচনা সভা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ ২৬ শে মার্চ বুধবার গাংনীর একটি রিসোর্টে ফ্যাসিবাদ বিরোধী রাজনীতিবিদ, মুক্তিযোদ্ধা, ছাত্র-শ্রমিক, জনতা, পেশাজীবী, অ্যাক্টিভিস্ট, ওলামায়ে কেরাম, সাংবাদিক ও বিভিন্ন শ্রেণীর নাগরিকদের সম্মানে এই ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

জাতীয় নাগরিক পার্টি-এনসিপি’র গাংনী উপজেলা শাখার উদ্যোগে আয়োজিত এই ইফতার মাহফিলে সভাপতিত্ব করেন বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখার সদস্য সচিব মোজাহিদুল ইসলাম। ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্য রাখেন, জাতীয় নাগরিক পার্টির কেন্দ্রীয় যুগ্ম সমন্বয়ক ও সুপ্রীম কোর্টের আইনজীবি শাকিল আহমাদ।

এ সময় তিনি বলেন, ফ্যাসিবাদ বিরোধী রাষ্ট্র গঠনে ও বাংলাদেশকে দুর্নীতিমুক্ত করতে প্রয়োজনে নিজের বুকের রক্ত আরো একবার ঢেলে দেব। তবু বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্বকে ভূলুণ্ঠিত হতে দেওয়া যাবে না।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের সাবেক কমান্ডার সামসুল আলম সোনা, গাংনী উপজেলা জামায়াতের আমীর ডাক্তার রবিউল ইসলাম, জেলা জামায়াতের সূরা সদস্য নাজমুল হুদা, জেলা বিএনপির সাবেক সহ-সাংগাঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি আব্দাল হক, কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মুহ, আলম হুসাইন, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখার ইমতিয়াজ আহমেদ।

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখার যুগ্ম সদস্য সচিব শামীম আহমেদ আযম ও সদস্য আব্দুল্লাহ আল আসাদের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে মোজাহিদুল ইসলাম বলেন, জুলাই গণঅভ্যুত্থানের পর বাংলাদেশ যে দ্বিতীয় স্বাধীনতা পেয়েছে তার স্বাদ আপামর জনসাধারণের মাঝে পৌঁছে দিতে হবে। ‘বাংলাদেশ প্রথম’ এই রাজনীতিক দর্শনকে কেন্দ্র করেই জাতীয় নাগরিক পার্টি সামনের দিকে এগিয়ে যাবে ইনশাল্লাহ।

অনুষ্ঠানে গাংনী উপজেলার জাতীয় নাগরিক পার্টির বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে “স্বাধীনতার গুরুত্ব ও তাৎপর্য” শীর্ষক আলোচনা সভা

মেহেরপুরে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে “স্বাধীনতার গুরুত্ব ও তাৎপর্য” শীর্ষক আলোচনা সভা, কোরআন খতম ও দোয়া অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৬ মার্চ) সকাল ১০টার দিকে মেহেরপুর জেলা ইসলামিক ফাউন্ডেশন কার্যালয়ে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ তরিকুল ইসলাম।
ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালক এ. জে. এম. সিরাজুম মুনীরের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড সুপারভাইজার মোঃ তাওহিদুল ইসলাম। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সুপারভাইজার আমানুল্লাহ, ইসলামিক ফাউন্ডেশনের মাস্টার ট্রেইনার আব্দুল হামিদ এবং জেলা শিক্ষক সমিতির সভাপতি হাফেজ মাওলানা আব্দুল হাশেম।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন মেহেরপুর চাঁদবিল কেন্দ্রীয় জামে মসজিদের ইমাম মাওলানা মোঃ আব্দুল বারী।

মহান স্বাধীনতা দিবস উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপি’র শ্রদ্ধাঞ্জলি

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপি’র শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছে।

বুধবার (২৬ মার্চ) সকাল ১০টার দিকে মেহেরপুর সরকারি কলেজ থেকে একটি মিছিল বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে

স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

এ সময় মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন বলেন, “আমাদের জাতীয় জীবনে আজকের দিনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনারা টুকিমারা রাজনীতি করবেন না। যারা আপনাদের দেখে না, আপনাদের ফেলে রেখে পালিয়ে যায়, সেই নেতাদের প্রতি কিভাবে শ্রদ্ধা রাখেন, কিভাবে বিশ্বাস রাখেন—এটা বোধগম্য নয়।”

তিনি আরও বলেন, “যদি টুকিমারা রাজনীতি করেন, তবে জনগণ বুলডোজার চালিয়ে আপনাদের নিশ্চিহ্ন করে দেবে। গত ১৬ বছরে আপনারা যে স্মৃতি রেখে গেছেন, যে অত্যাচারের চিহ্ন, যে রক্তের দাগ, যে লাশের উপহার দিয়েছেন, তা বাংলাদেশের মানুষ এত সহজে ভুলে যাবে—এটা ভাবাই ভুল।”

শ্রদ্ধাঞ্জলি নিবেদনের সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, সদস্য ইলিয়াস হোসেন, আলমগীর খান সাতু, আনছারুল হক, খাইরুল বাশার, হাফিজুর রহমান হাপি, ওমর ফারুক লিটন, রোমানা আহমেদ, জেলা বিএনপি’র সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন প্রমুখ।

এছাড়াও এসময় জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, যুগ্ম আহ্বায়ক রাকিবুল ইসলাম সজল, ইলিয়াস হোসেন, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলী, সহ-সভাপতি আনিসুল হক লাভলু, যুগ্ম সাধারণ সম্পাদক হুজাইফা ডিক্লায়ার, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী, যুগ্ম আহ্বায়ক সাইদুর রহমান, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লবসহ জেলা বিএনপি’র নেতাকর্মী ও বিভিন্ন অঙ্গসংগঠনের নেতারা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে যথাযোগ্য মর্যাদায়

মহান স্বাধীনতা দিবস পালিত

মেহেরপুরে যথাযোগ্য মর্যাদায় পালিত হচ্ছে মহান স্বাধীনতা দিবস।

প্রত্যুষে মেহেরপুর সার্কিট হাউজ প্রাঙ্গণে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসের কর্মসূচি শুরু হয়।

এরপর সূর্যোদয়ের সাথে সাথে শহরের কলেজ মোড়ে অবস্থিত শহীদ স্মৃতিসৌধে জেলা প্রশাসক সিফাত মেহনাজ পুষ্পস্তবক অর্পণ করেন।

পরে পুলিশ সুপার মাকসুদা আখতার খানম পুষ্পস্তবক অর্পণ করেন।

এরপর একে একে জেলার মুক্তিযোদ্ধা, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কর্মী, রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক

সংগঠনগুলোর প্রতিনিধি, বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষক-শিক্ষার্থীসহ নানা শ্রেণি-পেশার মানুষ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। পুষ্পস্তবক অর্পণ শেষে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।

সকাল ৯টায় স্টেডিয়াম মাঠে কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়। এছাড়া দিনের বিভিন্ন সময়ে আলোচনা সভা, উন্নতমানের খাবার পরিবেশন, প্রামাণ্যচিত্র প্রদর্শনের আয়োজন করা হয়েছে।

অন্যদিকে, গাংনী উপজেলা প্রশাসনের উদ্যোগেও যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা দিবস পালিত হয়। প্রত্যুষে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে কর্মসূচির সূচনা হয়।

পরে উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রীতম সাহার নেতৃত্বে উপজেলা শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এরপর পুলিশ বিভাগ, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড, গাংনী উপজেলা প্রেসক্লাবসহ বিভিন্ন দফতরের

উদ্যোগে পৃথকভাবে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

এছাড়া মুজিবনগর উপজেলা প্রশাসনের উদ্যোগেও যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা দিবস উদযাপিত হচ্ছে। মুজিবনগরে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসের কর্মসূচি শুরু হয়।

পরে উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মণ্ডলের নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এরপর পুলিশ বিভাগের পক্ষ থেকে ওসি মিজানুর রহমানের নেতৃত্বেও পুষ্পস্তবক অর্পণ করা হয়।

এছাড়া মুক্তিযোদ্ধা সংসদ, বিভিন্ন সরকারি দফতর, স্কুল-কলেজের শিক্ষক-শিক্ষার্থী, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ শহীদ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন।

মেহেরপুর জেলা বিএনপি’র আহবায়কসহ তিন নেতার বহিষ্কার দাবি

মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন, সাবেক চেয়ারম্যান আলফাজ উদ্দিন কালু ও যুবদল নেতা আব্দাল হোসেনকে দল থেকে বহিষ্কার দাবি করেছেন রায়পুর ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক রবিউল ইসলাম।

চাঁদপুর গ্রামে আওয়ামী লীগের ইফতার মাহফিলে সহযোগিতা করেছেন এমন অভিযোগ তুলে আজ মঙ্গলবার বিকালে রায়পুর ইউনিয়নের কড়ুইগাছি গ্রামে এক প্রতিবাদ সভায় তিনি বিএনপি’র এই তিন নেতার বহিষ্কার দাবি করেন।

তিনি আরো বলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মিল্টন রায়পুর ইউনিয়নের দু’জনকে কমিটি গঠনের দায়িত্ব দিয়েছে। তারা যেখানে কমিটি গঠন করতে যাচ্ছে সেখানেই মারধর খেয়ে পুলিশের সহযোগিতায় বাড়ি ফিরছে।

তিনি আরও অভিযোগ করে বলেন, প্রত্যেকটা ওয়ার্ড কমিটিতে আওয়ামী লীগের লোকজনকে পদ দেওয়া হচ্ছে। বঞ্চিত করা হচ্ছে ত্যাগী নেতাদের।

তিনি আরও বলেন, আব্দাল হক যুবদল কর্মী হলেও তাকে বিএনপি’র মত বড় দলের কমিটি গঠনের দায়িত্ব দেয়া হয়েছে। আমরা এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

কড়ুইগাছি গ্রামের বিএনপি নেতা আমিরুল হক আমুলের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিবাদ সমাবেশে রায়পুর ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি উপাধ্যক্ষ নাসির উদ্দিন, রায়পুর ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান সারগিদুল ইসলাম, ইউনিয়ন বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক গোলাম জাকারিয়া, বিএনপি নেতা আনারুল ইসলাম, শালদহ গ্রাম বিএনপি’র সাবেক সভাপতি রেজাউল হক ঝুনুসহ বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

নতুন দরবেশপুরে প্রত্যাশার আলো সংগঠনের ঈদ উপহার বিতরণ

মেহেরপুরে নতুন দরবেশপুরে একটি অলাভ জনক স্বেচ্ছাসেবী সংগঠন প্রত্যাশার আলোর পক্ষ থেকে দ্বিতীয় দিনের মত গ্রামের হতদরিদ্র ও সুবিধা বঞ্চিতদের মাঝে ঈদ উপহার বিতরণ করা হয়েছে। আজ মঙ্গলবার নতুন দরবেশপুর গ্রামের পূর্বপাড়ার প্রায় ৫০ জন দরিদ্রের মাঝে উপহার হিসেবে নগদ অর্থ প্রদান করা হয়।

প্রত্যাশার আলো” মানবতার জাগরণে এক আশার আলো। সমাজে মানবিক মূল্যবোধের অবক্ষয় রোধে ও মানুষের নৈতিক চেতনা জাগিয়ে তুলতে “প্রত্যাশার আলো” নামে এক সামাজিক সংগঠন নিরলসভাবে কাজ করে যাচ্ছে। “মানুষের ঘুমন্ত নষ্ট হওয়া বিবেক ও অসুস্থ মনুষত্ব্যবোধটা জাগ্রত করার সামান্যতম প্রয়াসে – প্রজন্ম প্রত্যাশা বিনির্মাণে আমরা”—এই স্লোগানকে সামনে রেখে সংগঠনটি সমাজের অসহায়, সুবিধাবঞ্চিত ও নির্যাতিত মানুষের পাশে দাঁড়ানোর

সংকল্প নিয়েছে।

সংগঠনের সাধারন সম্পাদক শাকিল আহমেদ বলেন, “আমরা এমন একটি সমাজ গড়তে চাই, যেখানে মানুষ তার বিবেক ও মনুষ্যত্বের চেতনা নিয়ে বেঁচে থাকবে। সমাজের প্রতিটি মানুষের প্রতি আমাদের দায়িত্ব রয়েছে, আর সেই দায়িত্ববোধ থেকেই ‘প্রত্যাশার আলো’ সংগঠন গড়ে উঠেছে। আমরা বিশ্বাস করি, সামান্য প্রচেষ্টা বড় পরিবর্তন আনতে পারে।”

আমাদের সংগঠনটি ইতোমধ্যে বিভিন্ন সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করেছে। এর মধ্যে দুঃস্থ ও সুবিধাবঞ্চিত শিশুদের জন্য শিক্ষাসামগ্রী বিতরণ। গরিব ও অসহায় মানুষের মাঝে খাবার ও প্রয়োজনীয় সামগ্রী বিতরণ। বিনামূল্যে চিকিৎসাসেবা প্রদান। সমাজে মাদকের বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন সেমিনার ও কর্মশালা আয়োজন ইত্যাদি উল্লেখযোগ্য।

সংগঠনের সার্বিক তত্ত্বাবধানে আছেন সভাপতি শামিমুল ইসলাম শামীম। তিনি বলেন, আমাদের লক্ষ্য শুধু সাহায্য করা নয়, বরং মানুষকে স্বাবলম্বী করে তোলা, যাতে তারা নিজেরাই পরিবর্তনের অংশ হতে পারে।

“প্রত্যাশার আলো” সকলের প্রতি আহ্বান জানাচ্ছে—আসুন, আমরা সবাই মিলে মানবতার কল্যাণে কাজ করি, অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়াই এবং মাদকমুক্ত সমাজ গড়ি। উক্ত অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্হিত ছিলেন পূর্ব পাড়ার বিশিষ্ট সম্মানিত ব্যক্তিবর্গ ।

এছাড়াও উপস্হিত ছিলেন প্রত্যাশার আলো সংগঠনের উপদেষ্টা পরিষদের সদস্য মুফতি খায়রুল বাশার, মাহাবুবুল ইসলাম, আশাদুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক আকাশ ইসলাম, দপ্তরসম্পাদক নাজমুস সাকিব, প্রচার সম্পাদক মুন আফ্রিদী, ছাত্রবৃত্তি সম্পাদক তাসিনুল ইসলাম সৌরভ, উন্নয়ন বিষয়ক সম্পাদক আহসান তাহমিদ কার্যকারী সদস্যদের মধ্যে উপস্হিত ছিলেন হাসিবুল, রফিক, সুজন, রশিদ, সাইরুল, সাহাবুল, সাকিব, সাহাদ, মমিন সহ অনেকে ।

গণহত্যা দিবসে মেহেরপুর সরকারি মহিলা কলেজে আলোচনা সভা

একটি অসাম্প্রদায়িক, বৈষম্যহীন ও মানবিক বাংলাদেশ গড়ার জন্য ত্রিশ লাখ বাঙালি আত্মোৎসর্গ করেছেন। মহান মুক্তিযুদ্ধে আমার বাবা, স্কুলশিক্ষক এমলাক হোসেন, পাকিস্তানি হানাদার বাহিনীর বুলেটে শহীদ হন। আমরা তাঁর লাশটিও খুঁজে পাইনি।

গণহত্যা দিবস উপলক্ষে মঙ্গলবার মেহেরপুর সরকারি মহিলা কলেজের শিক্ষক মিলনায়তনে আয়োজিত আলোচনা সভায় এসব কথা বলেন বীর মুক্তিযোদ্ধা ও শহীদ সন্তান, চারুশিল্পী গোলাম মোস্তফা। অনুষ্ঠানে তাঁকে ক্রেস্ট ও ফুল দিয়ে সম্মাননা জানানো হয়।

কলেজের অধ্যক্ষ অধ্যাপক আবদুল্লাহ আল আমিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আরও বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা, বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক কাজী আশরাফুল আলম, সহযোগী অধ্যাপক মিরাজ উদ্দিন, প্রভাষক রূপালী বিশ্বাস প্রমুখ।

সভা শেষে দেশ ও জাতির কল্যাণ এবং শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত পরিচালনা করেন সহযোগী অধ্যাপক কাজী আশরাফুল আলম।